তুমি মাথা উঠাও এবং বল, তোমার কথা শোন হবে। আর তুমি চাও, তোমাকে দেওয়া হবে। আর তুমি সুপারিশ কর, তোমার সুপারিশ কবুল করা হবে।

আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু‘ হিসেবে বর্ণিত: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সংবাদ দেন যে, তিনি উপস্থিত হবেন। তারপর তার রবের
জন্য সেজদা করবেন এবং তার প্রশংসা করবেন। [তিনি প্রথমেই সুপারিশ করা আরম্ভ করবেন না] অতঃপর তাকে বলা হবে: তুমি মাথা উঠাও এবং বল, তোমার কথা শোন হবে। আর তুমি চাও,
তোমাকে দেওয়া হবে। আর তুমি সুপারিশ কর, তোমার সুপারিশ কবুল করা হবে।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কিয়ামাতের দিন উপস্থিত হবেন তারপর আল্লাহর জন্য সেজদা করবেন ও তার নিকট দো‘আ করবেন। তারপর আল্লাহ তাকে মহান সুপারিশের অনুমতি দেবেন। তখন তার রব তাকে বলবেন, তুমি চাও তোমাকে দেওয়া হবে। তুমি সুপারিশ কর তোমার সুপারিশ গ্রহণ করা হবে। অর্থাৎ তোমার চাওয়া গ্রহণ করা হলো এবং তোমার সুপারিশ গ্রহণ করা হলো।

https://sunnah.global/hadeeth/bn/show/3393